গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
website : www.hajj.gov.bd

নং-ধবিম/হ: শা:/২-২/২০১২-২৬১ তারিখ : ২২ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ / ০৫ মার্চ ২০১৬ খ্রি.

বিষয় : **মক্কা ও মদিনা হজ অফিস ভবনে আবাসন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা হ'ল। "হজ মৌসুম ব্যতীত বছরে অন্যান্য সময়ে সৌদি আরবের মক্কা ও মদিনায় অবস্থিত হজ অফিস ভবনে আবাসনসহ কোন কার্য পরিচালনা করা যাবে না" সংক্রান্ত রাজকীয় সৌদি সরকারের গত ৩০.০১.২০১৪ খ্রি. তারিখের জারীকৃত প্রজ্ঞাপন এর আলোকে বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব এর ২৫.০২.২০১৬ খ্রি: তারিখের স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.১৮.০০২.২০১৬-৫৬ এর কপি (রাজকীয় সৌদি সরকারের প্রজ্ঞাপনসহ) সদয় অবগতির জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি : বর্ণনামতে (. . . .পাতা)।

০৫/০৩/১৬

(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ)
ফোন : ৯৫৮৫২০০
e-mail : morahajsection@gmail.com

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব

. . . . . . . . . . . . . . . . . . . . . . মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৬. ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (সংলগ্নীসহ পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি:, কাওরান বাজার, ঢাকা (সংলগ্নীসহ পত্রটি হজ ব্যবস্থাপনার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০. অফিস কপি।

১/

৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
জেদ্দা, সৌদি আরব।

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.১৮.০০২.২০১৬- ৫৬ তারিখঃ ২৫/০২/২০১৬খ্রিঃ

বিষয়ঃ মক্কা ও মদিনা হজ্জ অফিস ভবনে আবাসন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকারের সিদ্ধান্ত অনুযায়ী হজ্জ মৌসুম (১ শাওয়াল হতে ৩০ মহররম)ব্যতীত বছরের অন্যান্য সময়ে মক্কা ও মদিনায় হজ্জ অফিস চালু রাখা এবং কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না। রাজকীয় সৌদি সরকারের সিদ্ধান্ত এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০১৪ খ্রিঃ হতে বাংলাদেশ হজ্জ অফিসের মূল কার্যক্রম মক্কার পরিবর্তে জেদ্দা হতে পরিচালিত হয়ে আসছে এবং কাউন্সেলর হজ্জ, কনসাল হজ্জ, প্রশাসনিক কর্মকর্তার বাসভবন মক্কা হতে জেদ্দা স্থানান্তর করা হয়েছে। কিন্তু বর্তমানে বাংলাদেশ হতে ওমরাসহ বিভিন্ন কাজে সৌদি আরবে আগত বিভিন্ন ব্যক্তিবর্গ উক্ত ভবনে আবাসনের জন্য অনুরোধ করেন যা রাজকীয় সৌদি সরকারের বিগত ৩০.০১.২০১৪খ্রিঃ তারিখের ৮/৮/৮৯০১৭ নং প্রজ্ঞাপনের পরিপন্থী।হজ্জ মৌসুম শেষ হওয়ার পর উক্ত ভবনদ্বয়ে অবস্থানের বিষয়ে সৌদি সরকারে সিদ্ধান্ত নিম্নরূপঃ

"হজ্জ মৌসুম শেষ হওয়ার পরে যদি উক্ত অফিস সমূহে কোন প্রতিনিধি পাওয়া যায়, তবে তাকে অবৈধভাবে কার্যক্রম পরিচালনা করা এবং সৌদি নীতিমালার পরিপন্থী বলে গণ্য করা হবে"।

এমতাবস্থায় রাজকীয় সৌদি সরকারের সিদ্ধান্ত অনুযায়ী হজ্জ মৌসুম ব্যতীত বছরে অন্যান্য সময়ে উক্ত ভবনে আবাসনসহ কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না। এ বিষয়টি সকলকে অবহিত করনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ১ পাতা

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫.০২.১৬
(মোঃ আসাদুজ্জামান)
কাউন্সেলর (হজ্জ)

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.১৮.০০২.২০১৬- ৫৬ তারিখঃ ২৫/০২/২০১৬খ্রিঃ

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
২। কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
৩। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ আসাদুজ্জামান)
কাউন্সেলর (হজ্জ)

(অনুবাদিত কপি)

রাজকীয় সৌদি আরব
পররাষ্ট্র মন্ত্রণালয়
(২৭১)

নং-৮/৮/৮৯০১৭

তারিখ ঃ ২৯.০৩.১৪৩৫ হিজরী
৩০.০১.২০১৪ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

পররাষ্ট্র মন্ত্রণালয় (কনসুলার শাখা, হজ্জ ও ওয়কফ বিভাগ) সৌদি আরবে অনুমোদিত সকল কূটনৈতিক মিশনগুলোর প্রতি গভীর শুভেচ্ছা জ্ঞাপন করছে।

এ মর্মে সকল মিশনকে অবহিত করা যাচ্ছে যে, রাজকীয় সৌদি আরবের হজ্জ সংক্রান্ত নীতিমালার সার-সংক্ষেপ এই যে, হজ্জ সংশ্লিষ্ট অফিসসমূহ মক্কা আল্ মোকাররমা এবং মদিনা আল্ মোনাওয়ারায় তাদের কার্যক্রম কেবলমাত্র হজ্জ মৌসুমে অর্থাৎ সাওয়াল মাসের শুরু থেকে মহররম মাসের শেষ সময় পর্যন্ত পরিচালনা করতে পারবে। হজ্জ মৌসুম শেষ হওয়ার পরেও সার্বক্ষনিক ভবন/অফিস ভাড়া নিয়ে হজ্জ সংক্রান্ত কোন প্রকার কার্যক্রম পরিচালনা করা যাবে না। হজ্জ মৌসুম শেষ হওয়ার পরে যদি উক্ত অফিসসমূহে কোন প্রতিনিধি পাওয়া যায়, তবে তাকে অবৈধভাবে কার্যক্রম পরিচালনা করা এবং সৌদি নীতিমালার পরিপন্থী বলে গণ্য করা হবে। তবে ওমরার সংক্রান্ত নীতিমালা এই যে, বহিঃ বিশ্বের ওমরা এজেন্সী (কোম্পানী/ট্রাভেল এজেন্সী) তাদের সকল প্রকার কার্যক্রম পরিচালনার জন্য স্থানীয় সৌদি ওমরা এজেন্সীর সাথে সার্বিক বিষয়ে চুক্তিবদ্ধ হবে। কেননা ওমরা ভিসায় আগমনকারী তার নির্দিষ্ট কাজের বাহিরে এমন কোন কাজ করতে পারবে না, যা স্থানীয়ভাবে কোন কোম্পানীতে কর্মরত শ্রমিক/ষ্টাফগণ করতে পারবে। এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নির্দিষ্ট কর্তৃপক্ষকে উক্ত নীতিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ সুবাদে মন্ত্রণালয় কর্তৃক অনেক অনেক শুভেচ্ছা রইল।

(মন্ত্রণালয়ের ষ্টিকার)

04.02.14